একটু পর উঠে দাঁড়িয়ে মাতাল কণ্ঠে মেয়েটি বলল, 'এবার ভেনাসের মত নগ্ন করো আমাকে, ডার্লিং।' পুরোপুরি পাগল হয়ে গেছে মাইক। নীচু হয়ে ওর সামনে বসল। পায়ের কাছে ঝুল ধরে আস্তে আস্তে উপরের দিকে তুলতে লাগল ওর নাইটির আবরণ। ফরসা দুটো আলতা রং পায়ের ডিম আর সুগঠিত পা জোড়া বেরিয়ে এল প্রথমেই। আরেকটু উপরে তুলতেই বেরিয়ে এলো ধবধবে কলা গাছের মত অপুর্ব সুন্দর উরুদ্বয়। যেন উরুর ত্বক দিয়ে গলে গলে পড়ছে মাখন। অতঃপর নরম দুর্বা ঘাস। কিঞ্চিৎ ঢিবির মত উঁচু হয়ে থাকা ব দ্বীপের অপরূপ সৌন্দর্য। চিকন কোমর আর ফুটোর মত নাভীমূল, মেদহীন পেট। বুকের উপর গলার কাছে মাইক তুলে ফেলল নাইটি। কলার মোচার মত ওর বিশাল স্তনদ্বয়। ভারী অথচ খাড়া। উত্তেজনায় টান টান হয়ে আছে কিঞ্চিত খয়েরী স্তনবুন্ত। মাথা গলিয়ে কামরার এক কোণায় নাইটিটা ছুঁড়ে ফেলল ও। দুহাতে মাইকের মাথা দুই স্তনের মাঝে চেপে ধরল। মাইকও দুহাতে কোমরে পেঁচিয়ে ধরে কাছে টেনে নিল ওকে।

কিছুক্ষণ পর দুহাতে পাজাকোলা করে তুলে নিল মাইক ওকে। বিছানায় নিয়ে শুইয়ে দিল। তারপর দুটি নগ্ন শরীরে উঠল প্রবল ঝড়।
ঝড় শেষে পরম তৃপ্তিভরা ভেজা দৃষ্টি নিয়ে মাইকের দিকে তাকাল মেয়েটা। তারপর বাথরুম গেল। কাত হয়ে শুয়ে থাকল মাইক। পনেরো বিশ মিনিট পর ফের নগ্ন দেহে বাথরুম থেকে বেরিয়ে এল ও।

ইতিমধ্যে মাইকের জিনিসটা আবার এ্যাটেনশন। কোলের কাছে নগ্ন ভরাট নিতম্ব লাগিয়ে বসল মেয়েটা ফের। খেলা করতে শুরু করল মাইককে নিয়ে। ওর কোলে মুখ গুঁজে শুয়ে পড়ল মাইক। একহাতে জড়িয়ে ধরল দীর্ঘল নিতম্ব সমেত ওর কোমর। কেমন যেন ভেজা ভেজা আর নেশাময় মিষ্টি গন্ধ আসছে। দুহাতে ওর কোলের মধ্যে ঠেসে ধরে রাখল সুন্দরী। লেহন শুরু করল মাইক। কেমন যেন অবসাদ লাগছে, ক্লান্তি লাগছে। হারিয়ে যেতে ইচ্ছে করছে ঘুমের অতলান্তে এবং দ্বিতীয়বার সঙ্গম শুরু করার আগেই ঘুমিয়ে পড়ল ও।

BanglaBook.org

চার

মাইকেল শেলডন জেগে উঠল সেই পরিচিত পরিবেশেই। সেই ম্যানেজারস্ এপার্টমেন্টে। গতরাতের ব্যাপারটা পুরোপুরি স্বপ্ন মনে হলো প্রথমে। কিন্তু আর মাথার ব্যাণ্ডেজ মনে করিয়ে দিল গতরাতের এ্যাডভেঞ্চার আর সুখ স্মৃতির কথা। কিন্তু বুঝতে পারল না কি করে ঐ কটেজ থেকে চলে এল নিজের আস্তানায় অসাধারণ ক্ষমতাশালী নিশ্চয় মেয়েটা। নইলে ক্যাসিনোর এই কড়া পাহারার মধ্য দিয়ে কি করে রেখে গেল ওকে। অফিসে যেতেই মাইকের ব্যাণ্ডেজ দেখে আঁতকে উঠল সবাই। আর একদিন আছে ফাইটের। ইতিমধ্যে প্রচার হয়ে গেছে ওর নাম। সবাইকে জানাল গতরাতে কিছু ছিচকে মাস্তানের হাতে আক্রান্ত হয়েছিল। কিন্তু মূল ব্যাপারটা জানাল না কাউকেই। অভয় দিল ওদের। মাথা আর হাতের আঘাত খুব সামান্য। সেরে যাবে হয়তো আজকেই। অফিসে থাকল না মাইক বেশিক্ষণ। ক্যাসিনোর ডাক্তারকে দেখিয়ে বিকেলে চলে এল জিমনেসিয়ামে। ওর প্রথম প্র্যাকটিস। চীফ ইন্সট্রাক্টর চিকি হ্ওয়াসাকী। জাপানী। মাইকের একহারা দেহ দেখে চোখে মুখে নিরাশা ফুটে উঠল তার। কিন্তু আন আর্মড কমব্যাটে যখন আধমিনিটের মাথায় দশহাত দুরে আছড়ে ফেলল ওকে মাইক প্রশংসার দৃষ্টি ফুটে উঠল তার চোখে। 'সত্যি, বাইরে থেকে বোঝাই যায় না আপনাকে,' আন্তরিকভাবে বলল চিকি। 'কিন্তু ক্যাপটেন,' কণ্ঠে ভয় ফুটল ওর। 'আমি জানি ভয়ে যে পালোয়ান পালিয়ে গেছে তারচে' কোন অংশে কম নন আপনি, কিন্তু ভুলেও জিততে যাবেন না। আপনি চিন্তাও করতে পারবেন না কি রকম ভয়ংকর ওই মিডনাইট ডার্লিং।'

'সকালে মিঃ হার্টের সাথে কথা হয়েছে আমার,' যুক্তি দেখাল মাইক। 'তা ছাড়া অতগুলো মানুষকে ঠকানোও সম্ভব নয় আমার পক্ষে।'

শ্রাগ করল চিকি। 'আপনার সিদ্ধান্ত অবশ্যই আপনি নেবেন বৈকি,' বলল ও। 'তবে শুভাকাঙ্খী হিসেবে আপনার ভালই করতে চেয়েছিলাম আমি।'

BanglaBook.org

'সেজন্যে অনেক ধন্যবাদ।'

'আগামীকাল সকাল সকাল চলে আসবেন।'

সন্ধ্যার পর প্রায় জোর করে ওর এপার্টমেন্টে নিয়ে এল সীমা। একটা আয়াকে নিয়ে একাই থাকে ও। মাইককে বসিয়ে রেখে ভেতরে চলে গেল। ফিরে এল গোসল টোসল করে আধ ঘণ্টা পর। চমৎকার মেরুন কালারের এক সেট সালোয়ার কামিজ পরেছে ও। সটেটা একটা আটোঁ সাটো। ঢাকতে পারেনি বুক আর নিতম্বের বিশালত্বকে। খুব কাছে এসে ঘনিষ্ট হয়ে বসল ও।

বা হাতটা আলতো করে ওর কাঁধে রাখল মাইক। নিজের কাছে মনেই হয়না একজন আমেরিকান ও। কেমন খুব সহজেই খাপ খাইয়ে নিয়েছে এসব এশিয়ানদের মাঝে। ১আচ্ছা মাইক, একটা কথা সত্যি করে বলতো,' ওর একটা হাত আলতো করে কোলে তুলে নিয়ে বলল সীমা 'তুমি কী কারও সাথে এনগেজড?'

যে কোন মেয়ের কাছে এ প্রশ্নের উত্তরে না বলে মাইক। আর সুন্দরী মেয়ে হলে তো কথাই নেই। তাছাড়া কথাটা অনেকাংশে সত্যিও বটে। কিন্তু ওর মুখ দিয়ে হঠাৎ করেই বেরিয়ে গেল 'হ্যাঁ'। কোন মন্তব্য করল না সীমা। বোধহয় শক পেয়েছে বেচারী। কিন্তু কেন যেন এ মুহূর্তে খারাপ লাগল না মাইকের। সীমার মত একজন সুন্দরী নারীকে একান্তে রেখেও সাবরিনার কথা মনে হতে লাগল বারবার। কেমন যেন লাগছে বুকের মাঝে।

এমন অনুভূতি আগে কখনও হয়নি। 'আমি কিছু মনে করিনি, মাইক,' মাইককে চমকে দিয়ে বলল সীমা। 'বন্ধু হিসেবেই চেয়েছিলাম তোমাকে।'

বুকের ভেতর থেকে একটা স্বস্তির নিঃশ্বাস বেরিয়ে এল মাইকের।

'মেয়েটা কে?' ফের জিজ্ঞেস করল সীমা।

'আমার দেশেরই মেয়ে' বলল মাইক, 'নাম সাবরিনা ফারাহ।'

'তোমাকে একটা কথা বলি' মেঝের দিকে দৃষ্টি নিবদ্ধ রেখে বলল সীমা। 'আমি নিজে যুক্তি করেই পালোয়ানটাকে ভাগিয়ে দিয়েছিলাম ভয় দেখিয়ে আর টাকা কড়ি দিয়ে যাতে ভন্ডুল হয়ে যায় এবারের ফাইটটা। জানি তুমি রাগ করবে কিন্তু তোমার কথা ভেবে এছাড়া পথ ছিলনা আমার। কিন্তু শেষ রক্ষা করতে পারলামনা। তুমি নিজেই এগিয়ে এলে। চিকি'র শুনেছি চমৎকার দেখিয়েছ তুমি। তুমি যেকোন ফাইটে ভাল

BanglaBook.org

করবে এ বিশ্বাস অবশ্য বরাবরই ছিল আমার। কন্তি দোহাই তোমার মাইক, নিজেকে ঐ ডাইনিটার বলি করো না।

হাসবে না কাঁদবে বুঝতে পারল না মাইক। কিন্তু ভেতরটা সিক্ত হয়ে গেল পরদেশী ভারতীয় মেয়েটার আন্তরিকতার পরিচয়ে। 'তুমি শুধুই ভাবছো সীমা' দৃঢ় গলায় বলল মাইক। 'কিছুই হবেনা। মি ; হার্ট শেল্টার দেবেন আমাকে। আর তাছাড়া আমি যে জিতবই তার নিশ্চয়তাই বা কি?'

'আমি জানতাম ফেরানো যাবেনা তোমাকে' ক্লান্ত পরাজিতভাবে বলল ও। 'তবুও শেষ চেষ্টা করে দেখা আর কি। ভগবান মঙ্গল করুন তোমার। ডাইনি মিডনাইট ডার্লিং যেন অন্তত এবারের মত ব্যর্থ হয়।'

কিছু না বলে মৃদুভাবে ওর কাঁধ চাপড়ে দিয়ে আশ্বস্ত করল মাইক। কিছুক্ষণের মধ্যে ওর সাথে ডিনার হলো। বিদায় নেবার বেলায় বুকের কাছে খুব ঘনিষ্ট হয়ে সীমা বলল, 'আজ রাতটা থেকে যাও, মাইক।'

আবার আমন্ত্রণ। মাইক জানত, আসবে। কিন্তু বেচারা জানেনা যে এ ব্যাপারে এখন খুবই ক্লান্ত সে। এছাড়া পরশু ওর ফাইট। দুহাতে কোমর পেঁচিয়ে ধরে কাছে টানল ওকে। উষ্ণ নরম স্তনের স্পর্শ লাগল মাইকের দেহে। বেশ একটা রোমাঞ্চ লাগল। 'আজ না, হানি' ফিসফিস করে বলল ওকে। 'সারাদিন জিমনেশিয়ামে কাটাতে হবে আগামী দিন।' ঠোঁটে ঠোঁট রাখল মাইক। উষ্ণ কপোতীর মত নরম দেহটাকে পালকের মত কিছুক্ষণ জড়িয়ে রাখল বুকের সাথে। পাতলা কাপড়ের নিচে ওর স্তন জোড়া নিষ্পেষিত হলো মাইকের দেহের সাথে। ওর দুহাত ঘুরতে লাগল কামিজের ওপর দিয়ে সীমার নরম ঘাড়, পিঠ আর ভরাট নিতম্বে।

নিজের অজান্তেই সীমার নরম আঠালো ঠোঁট জোড়াকে যেন নিষ্পেষিত করতে থাকল ওর ঠোঁট জোড়া। ডান হাতে টান দিয়ে খুলে ফেলল কোমর পর্যন্ত ওর কামিজের চেইন। দাঁড়িয়ে দাঁড়িয়েই কামিজের ভেতরে চালান করে দিল হাতটা। বগলের নিচ দিয়ে একহাতে আঁকড়ে ধরল একটা স্তন। মাইকের হাতের স্পর্শে শক্ত হয়ে উঠল সীমার স্তনের বোঁটা। স্তন থেকে হাতটা নিচে নামল আরেকটু। নাভীর কাছে, তারপর সালোয়ারের ভেতর দিয়ে নিচে তলপেটে, আরও নিচে। শির শির

BanglaBook.org

কেঁপে উঠল সীমার সারা দেহ। হাত দিয়ে মাইকের হাতের যথেচ্ছ নারীদেহ ভ্রমণ থামিয়ে দিল ও। 'আজ থাক, মাইক,' হাঁপাতে হাঁপাতে বলল সীমা। 'এখন উচিত না। তোমার ফাইট আছে পরশু দিন।'

'এখন বাঁধা দিয়ো না মানিক,' দুহাতে পাজাকোলা করে তুলে নিল ওকে মাইক। 'শুধু একবার, তারপরই চলে যাব। নইলে বুঝতেই পারছো, লাভের চেয়ে লোকসান হবার সম্ভাবনাই বেশি।' ফিস্ ফিস্ করে কিছু একটা বলতে গেল ও। কিন্তু ঠোঁটের উপর ঠোঁট চেপে ধরে মুখটা বন্ধ করে দিল মাইক। বিছানার উপর আলতো করে শুইয়ে দিয়ে বন্ধ করে দিল দরজাটা। কামিজ খুলে ফেলল। কাঁচা হলুদের মত অপূর্ব ত্বক, গর্বোদ্ধত একজোড়া স্তন। সালোয়ারের গিঁট খুলে টেনে নামাল ওটা মাইক। রোমাচ্ছাদিত ফুলে ওঠা বদ্বীপ। নির্লোম একজোড়া মসৃন পেলব উরু। সুগঠিত দেহ।

তাড়াতাড়িই যখন ফিরতে হবে সময় নষ্ট না করে হামলে পড়ল মাইক ওর নগ্ন দেহের উপর। তারপর শুধুই দুই শরীরের সুখের খেলা।

The Online Library of Bangla Books
BANGLA BOOK.ORG

পাঁচ

ক্যাসিনোর বিরাট হল ঘরে হাজার পাঁচেক লোক ধরে। সেই সাথে বাড়তি লোকজন। খেলার দিন লোকে লোকারণ্য হয়ে আছে। মঞ্চেই ব্যবস্থা করা হয়েছে ফাইটের। ভেতরে ফ্লাড লাইটের তীব্র আলো, অথচ বাইরে এখন স্বর্ণ সন্ধ্যা। মঞ্চের দুই কোনে দুই প্রতিদ্বন্দ্বী । বিশাল নিগ্রো দানবটা হো হো করে হেসে উঠল তার প্রতিদ্বন্দ্বীকে দেখে।

সারাটা দিন মেজাজ খিচরে ছিল মাইক শেলডনের। প্রতিটা মুহূর্তে ভুগেছে সিদ্ধান্তহীনতায়। একসময় হুইসেল পড়তেই শুরু হয়ে গেল ফাইট। প্রথম রাউণ্ডে মাইক মোহাম্মদ আলীর প্রজাপতি স্টাইলে নেচে বেড়াল সারা স্টেজময়। বারবার ওকে ধরার চেষ্টা করে ব্যর্থ হলো দানবটা। ভাল করেই জানে মাইক ওকে দু'হাতে একবার পেঁচিয়ে ধরতে পারলে কম্মো সারা হয়ে যাবে। দ্বিতীয় রাউণ্ডে প্রথমেই আচমকা ওর দিকে তেড়ে এল নিগ্রো। বিদ্যুৎ বেগে সরে গিয়ে কারাতের কোপ বসাল মাইক দানবটার ঘাড়ে। মনে মনে সিদ্ধান্ত নিয়ে ফেলেছে প্রাণপণে চেষ্টা করবে। তারপর যা হবার হবে।

কোপটা খেয়েই ঘুরে মাইকের বুকে একটা বেমক্কা ঘুষি মারল দানব মনে হলো গুঁড়িয়ে গেছে পাঁজরের সব ক'টা হাড়। ছিটকে মাটিতে পড়ে গেল মাইক। সাথে সাথে ওর ওপর ঝাঁপিয়ে পড়ল দানবটা। সাঁৎ করে একপাশে সরে গেল ও। সিধে হয়ে দাঁড়াল। দুজনেরই চোখে মুখে জিঘাংসা। ঘুরছে ওরা চক্রাকারে। মুহুর্মুহু করতালিতে কানপাতা দায়। পুরো ফাইটটা উপভোগ করছে সবাই।

কুংফু কারাতের আশ্রয় নিল এবার মাইক। মুহূর্তের ভেতর ওর দেহটা উঠে গেল শূন্যে। প্রচণ্ড জোরে ফ্লাইং কিক্ বসাল দানবটার বুকে। পলকের জন্য একটা অবিশ্বাসের ভাব দেখল ওর চোখে। প্রায় উড়ে গিয়ে রিং এর উপর ছিটকে পড়ল সে। ফ্লোরে দুম, দুম করে কিল লাগিয়ে এক দুই তিন

BanglaBook.org

গুনছে রেফারী। আহ্বান করছে ওকে উঠে দাঁড়াবার জন্যে। মোক্ষম দাওয়াই দিয়েছে মাইক। জানে, নিগ্রোর আর ওঠার সাধ্য নেই। খেলারও আর বিন্দুমাত্র ইচ্ছে নেই মাইকের। কিন্তু শেষ মুহূর্তে টলতে টলতে উঠে দাঁড়াল নিগ্রো। উড়ে গিয়ে আরেকটা ব্যাক ফ্লাইং কিক বসাল মাইক ওর বুকে। গলাকাটা মুরগির মত উড়ে গিয়ে রিং এর বাইরে ছিটকে পড়ল বেচারা। সাথে সাথেই অজ্ঞান। মাইকের ডান হাতটা তুলে ধরে ওকে বিজয়ী ঘোষণা করল রেফারী। সাথে সাথে ভিড় করল অজস্র দর্শক, ফটোগ্রাফার আর সাংবাদিকের দল। অনেক কষ্টে পাশ কাটিয়ে বেরিয়ে এল মাইক। একটা অস্বস্তিতে ভরে আছে মন। কিছুক্ষণ পর দেখল ভি আই পি লাউঞ্জ থেকে বেরিরে আসছেন স্বয়ং মি. হার্ট।

'চমৎকার দেখিয়েছ,' নিখাদ প্রশংসার সুরে বললেন তিনি 'চিন্তাও করতে পারিনি যে, আসলেই এরকম দুর্দান্ত ফাইটার তুমি।'

'অনেক ধন্যবাদ, স্যার।'

মাইকের মুখের দিকে এক দৃষ্টিতে কিছুক্ষণ তাকিয়ে থাকলেন মি.হার্ট। 'মুখটা শুকনো শুকনো লাগছে, কি ব্যাপার শেড?'

'না, মানে স্যার ঐ মিডনাইট ডার্লিং-এর ব্যাপারটা–

হেসে উঠলেন এবার তিনি। 'মেয়ে লোকটাকে অযথাই এত বড় করে দেখছে সবাই,' হাসি থামিয়ে বললেন তিনি। 'আসলে স্রেফ একজন মেয়ে মানুষই ও। আর নিজেকেও আমি আণ্ডারএস্টিমেট করতে পারি না। তোমার কিছুই করতে পারবে না ও।' একটু থামলেন তিনি। যত্নের সাথে ধরালেন পাইপ টোব্যাকো। 'স্রেফ আমেরিকা থেকে বেরিয়ে আসতে চাইলে তুমি, এজন্যেই এ ব্যবস্থা। ভেবো না বিপদের মুখে ঠেলে দেয়া হয়েছে তোমাকে। আর একটা সুখবর আছে, তোমার জন্যে লোভনীয় একটা চাকুরির ব্যবস্থা করেছেন সাবরিনার বাবা মিঃ পল। ন্যুইয়র্কের বিরাট একটা শপিং কমপ্লেক্সের জেনারেল ম্যানেজারী। বেতন এখানকার চেয়েও বেশি। পলের কথায় মনে হলো সাবরিনার সাথে বিয়েটা তুমি শীঘ্রই সেরে ফেলো, সেটাই ওর ইচ্ছা। এখন সবকিছু তোমার উপরে। এনি ওয়ে মেয়েটা পাগল হয়ে আছে তোমার জন্যে, অনেক দিন ধরে নাকি লিখছো না। ও একটা চিঠি দিয়েছে, বলেছে, এর উত্তর না পেলে আর লিখবে না।' মুচকি হেসে একটা এনভেলাপ মাইকের দিকে এগিয়ে দিলেন। 'আমি বলি কি দেরি করো না, পল মত বদলাবার আগেই রাজী হয়ে যাও। আর হ্যাঁ কাল সকালেই ফিরে যাচ্ছি আমি, এর ভেতর রিং করে তোমার সিদ্ধান্তটা জানিও।

BanglaBook.org

ছয়

নিরাপদেই কেটে গেল পরবর্তী চার পাঁচটা দিন। উল্লেখযোগ্য তেমন কিছুই ঘটল না। মাইকের গোয়ার্তুমী'র জন্যে এক লাখ ডলার হেরে গিয়েও ব্যাপারটা চুপচাপ হজম করে গেল রহস্যময়ী মিডনাইট ডার্লিং। ইতিমধ্যে মি. হার্টকে মাইক তার সিদ্ধান্ত জানিয়ে দিয়েছে। যত তাড়াতাড়ি সম্ভব এখানকার পাততাড়ি গুটিয়ে আমেরিকাতে ফিরে যাচ্ছে সে। ব্যাক টু প্যাভেলিয়ন। গিয়ে বিয়েটা সেরে ফেলবে সাবরিনার সাথে। জীবনে এবার একটা স্থিতি দরকার, মনে প্রাণে উপলব্ধি করছে মাইক। জানে ওর মত একজন প্লেবয়ের এহেন কার্যকলাপ দেখে অবাক বনে যাবে পরিচিত সবাই।

অজস্র নারীর সাথে যৌন সম্পর্ক ভাল লাগে না এখন আর। তবু নিজেকে সামলাতে পারে না মাইক। মেয়েরা ওদের বেডপার্টনার করতে চায় ওকে। মাল মাথায় উঠে গেলে ওর আর হুশ থাকে না। সেই দয়ালু মাতারীর গল্পের মত। 'এক মেয়ে সাথে সব সময় কাঁথা বালিশ নিয়ে ঘুরে বেড়ায়। যে বলে তার সাথেই শোয়, না করতে পারে না কাউকে।' মাইকের অবস্থাও হয়েছে অনেকটা ওরকম। সম্ভবত বিয়েই ওকে বাঁচাতে পারে এ থেকে। সাবরিনার কাছে এখন নিয়মিত চিঠি লিখছে। টেলিফোনে কথা হচ্ছে। মাইকের মত হাড় হারামী বজ্জাত এখন হাবুডুবু খাচ্ছে প্রেমের সাগরে। একদিন সকালে বসে আছে ও। কাজ করছে অর্থাৎ অনেকগুলো রিপোর্ট চেক করছে আর গল্প করছে সীমার সাথে। এখনও বলেনি মেয়েটাকে যে খুব শীঘ্রই এখানকার পাট চুকিয়ে ফেলতে যাচ্ছে সে। এমন সময় বেজে উঠল ঠেলিফোনটা। ফোন একটু পর পরই বাজছে। রুটিন মাফিক। রিপোর্টগুলোতে সিগনেচার করতে করতেই বাঁ হাত বাড়িয়ে তুলে নিল মাইক রিসিভারটা। 'নিউ হ্যাভেন ক্যাসিনো, মাইকেল শেলডন স্পিকিং,' বলল।

'আমি লীলা, আশা করি ভুলে যাননি,' অপর প্রান্ত থেকে ভেসে এল নারীকণ্ঠ। 'আমার বস্ কথা বলতে চান আপনার সাথে। আজ বিকেলে

BanglaBook.org

একটু সময় করতে পারবেন কি? আমি গিয়ে নিয়ে আসব আপনাকে।'

'দরকার থাকলে তিনি নিজেই আসতে পারেন এখানে এবং সেটা অফিস আওয়ারে,' বলেই রিসিভারটা নামিয়ে রাখল মাইক।

'মেয়েলোকটা, মানে তোমাদের ঐ মিডনাইট ডার্লিং দেখা করতে চায় আমার সাথে। ওর সেক্রেটারী এসে নিয়ে যেতে চায় আমাকে,' তাচ্ছিল্যের সাথে বলল মাইক। 'আমি বলে দিয়েছি দরকার থাকলে মেয়েলোকটা নিজেই যেন চলে আসে।

চেয়ার থেকে লাফিয়ে উঠে দাঁড়াল সীমা। 'তোমার মাথা খারাপ হয়েছে মাইক? ভয়ার্ত কণ্ঠে বলল ও। 'প্লিজ এক্ষুনি ফোন করে বলে দাও, ওদের সাথে দেখা করতে যাচ্ছো তুমি যত তাড়াতাড়ি সম্ভব।'

'যা বলার তা বলে দিয়েছি।'

মাইকের দু'হাত চেপে ধরল ও। 'প্লিজ নিজেকে ডাইনীটার কাছে বলি দিও না, মাইক।'

'আবার সেই 'বলি'। মুচকি হাসল মাইক! অথচ তখন কি জানত যে ও নয়, প্রথম বলি হবে বেচারা সীমা নিজেই এবং তা মাইকের জন্য।

মিনিট দশেক পর আবার বেজে উঠল ফোন। মাইক তুলে নিল রিসিভার। 'আশা করি মাইক শেডের সাথে কথা বলছি আমি?' অপূর্ব সুরেলা নারী কণ্ঠে ঝংকার তুলে জানতে চাইল। সাথে সাথে এও বুঝল শুধু হুকুম করতেই অভ্যস্ত এ কণ্ঠ, কারও হুকুম মানতে নয়।

'ইয়েস স্পিকিং,' বলল মাইক।

'আমি মিডনাইট ডার্লিং। দেখো মাইক, সাহস, ঔদ্ধত্য, শক্তি, সৌন্দর্য এসব গুনসম্পন্ন একজন পুরুষ তুমি। বোধহয় সত্যিকার অর্থেই পুরুষ তুমি যা আগে কোন দিন দেখিনি আমি,' বলে চলল তথাকথিত স্বঘোষিত রাণী। 'তোমার পূর্ণ বায়োডাটা এখন আমার হাতে। চাকুরি থেকে বহিস্কৃত মার্কিন সেনাবাহিনীর একজন ক্যাপ্টেন তুমি। হ্যাণ্ডসাম লেভার্কিলার প্লেবয়। সেই সাথে মারামারিতে ওস্তাদ। কারাতের ব্ল্যাকবেল্ট হোল্ডার। 'তোমাকে নিজের চোখে অ্যাকশনে দেখেছি আমি। এনিওয়ে, বারবার তোমার ঔদ্ধত্য সহ্য করেছি। একলাখ ডলার হেরেছি, সেটা বড় নয়। সবার কাছে মুখটা ছোট হয়ে গেছে আমার। ক্যাসিনোর একজন সামান্য ম্যানেজার আদেশ পালন করেনি আমার। কিন্তু তবুও ব্যাপারটা মেনে নেবার কারণ হচ্ছে প্রথমত: আসলে সামান্য নও তুমি। দ্বিতীয়ত:–' একটু থামল ও।

মনে হলো কোথায় যেন শুনেছে এ কণ্ঠ মাইক। কিন্তু এ মুহূর্তে মনে পড়ছে না। কোন কথা না বলে চুপচাপ শুনে যাচ্ছে ও। হাতের কাজ ফেলে

BanglaBook.org

চুপ করে ওর মুখের অভিব্যক্তি দেখছে সীমা।

'দ্বিতীয় কারণ হচ্ছে,' আবার শুরু করল মিডনাইট ডার্লিং। 'তোমার কাছে একটা ব্যাপারে কৃতজ্ঞ আমি। তোমার নিশ্চয় মনে আছে ঐ ফাইটের দু'দিন আগে রোলস রয়েস সমেত একটা মেয়েকে উদ্ধার করেছিলে তুমি। হ্যাঁ ঐ গুণ্ডাগুলো না চিনে, না বুঝে আক্রমণ করেছিল মেয়েটাকে। এ ভুলের মাশুল স্বরূপ পরদিন ভোরের আলো দেখার সৌভাগ্য হয়নি ওদের। নানান দুর্ঘটনার শিকার হয়ে বিদায় নিতে হয়েছে দুনিয়া থেকে। মেয়েটা ওর কটেজে নিয়ে গিয়েছিল তোমাকে। দুর্নিবার যৌন সুখ দিয়েছিলে তুমি মেয়েটাকে, যা এর আগে কোন পুরুষ দিতে পারেনি তাকে। হ্যাঁ মাইক, ঐ রহস্যময়ী মেয়েটাই আমি–এই মুহূর্তে জীবনের সবচে' লোভনীয় প্রস্তাব দিচ্ছি আমি। আমার বিরাট একটা অর্গানাইজেশন আছে। ওটার দায়িত্ব নেবে তুমি। অনেকদিন ধরে অনেক খুঁজেছি, কিন্তু কোন পুরুষকে তেমন যোগ্য মনে হয়নি। বেতন নয়, স্রেফ আমার পার্টনার হবে তুমি। সেনাবাহিনীতে থাকলে সারাজীবনেও যা আয় করতে পারতে না সেটা আয় করতে পারবে তুমি এক সপ্তাহেই। লোকে অবশ্য অনেক কিছুই বলে আমার অর্গানাইজেশন সম্পর্কে। কিন্তু কেউ টিকিটিও ছুঁতে পারবে না তোমার। আর এ' ছাড়াও বোনাস হিসেবে পাচ্ছো আমাকে। আমার স্বামীর মর্যাদা পাবে তুমি। আমি জানি অন্য একটা প্ল্যান রয়েছে তোমার। আমেরিকায় রয়েছে একজন ফিঁয়াসে যাকে বিয়ে করতে যাচ্ছো তুমি। এখানেও রয়েছে একজন বান্ধবী। যার প্রতিও যথেষ্ট দুর্বলতা আছে তোমার। কিন্তু আমার প্রস্তাবের কাছে এসব যে কিছুই না সেটা বোঝার মত বুদ্ধি তোমার অবশ্যই আছে। তোমার সাবরিনা এবং ঐ টাইমপার্টনার সোনিয়ার চেয়েও আমি যে অনেক অনেক সুন্দরী আর যৌনাবেদনাময়ী একথা অবশ্যই মানতে হবে তোমাকে। আমি জানি তুমি রাজীই আছো আমার প্রস্তাবে। তবুও আজ রাতে ফোন করব আবার ফাইনাল কথার জন্যে।'

মাইককে কোন কিছু বলার সুযোগ না দিয়েই রিসিভার রেখে দিল মেয়েটা। ধৃষ্টতা দেখে গা জ্বলে গেল ওর। কি প্রচণ্ড আত্মবিশ্বাস, মাইক যেন রাজী হয়েই আছে। 'কি ব্যাপার?' রিসিভার রাখতেই আগ্রহ নিয়ে জিজ্ঞেস করল সীমা।

'কিছু না,' ব্যাপারটা ওর কাছে গোপন রাখল মাইক। একজন বন্ধু ফোন করেছিল, অনেক দিনের জমে থাকা কথা শুনল।'

'ও আচ্ছা,' বলে নিজের কাজে মনোযোগ দিল সীমা।

মনে মনে হাসল মাইক। হায়, বন্ধুই বটে।

BanglaBook.org

সাত

রাতে ডিনার খেয়েছে মাত্র মাইক। তখনো ফোন করেনি মিডনাইট ডার্লিং। দশটা বাজেনি। বসে বসে অপেক্ষা করছে ফোনের জন্য। 'না' বলার জন্য তাতিয়ে আছে ভেতরে ভেতরে। প্রত্যাখ্যাত হয়ে সুন্দর মুখটার কি রকম বিশ্রী দৃশ্য হবে চিন্তা করতেই খুশিতে ভেতরে ভেতরে উত্তেজিত হয়ে উঠল ও। রাত দশটার কিছু পরে এলো সেই আকাঙ্ক্ষিত ফোন। 'কি ঠিক করলে মাইক?' আত্মবিশ্বাসী অথচ মিষ্টি কণ্ঠে জিজ্ঞেস করল রহস্যময়ী নারীটি।

'আমার পক্ষে সম্ভব নয়, মিস্,' ভদ্রভাবে বলল মাইক।

এক মুহূর্ত কথা যোগাল না ওর মুখে। মাইক দিব্য-চোখে দেখতে পেল আত্মবিশ্বাস ভেঙ্গে খান খান হয়ে গেছে মেয়েটার। 'আর্মি থেকে বের করে দেয়া হয়েছে তোমাকে, নিশ্চয়ই খুব একটা সাধু লোক নও তুমি,' চিবিয়ে চিবিয়ে বলল ও।

'আপনি যা খুশি বলতে পারেন,' বলল মাইক। 'কিন্তু আমি নাচার।'

'এটাই কি তোমার শেষ কথা?'

'অবশ্যই, ম্যাডাম।'

খটাশ্ শব্দে ওপাশে রেখে দেয়া হলো রিসিভার। যতদিন এখানে আছে ততদিন যথেষ্ট নিরাপদ মাইক। আমেরিকা ফেরত যাবার আগে এখানকার পুলিশ চীফকে সবকিছু বলে গেছেন মি. হার্ট। তাছাড়া মাইক নাবালক নয়। নিজেকে কি ভাবে রক্ষা করতে হয় খুব ভাল ভাবেই জানা আছে।

হাতের কাজ গুছিয়ে উঠতে বেশ কিছু দিন লাগবে হয়তো এ মাসটাও লেগে যেতে পারে। এসময় ফালতু ব্যাপার নিয়ে চিন্তা ভাবনা আর না করাই উচিত। দু'দিন পর পর ফোন করে সাবরিনা। আজও করার কথা। সাধারণত রাত এগারোটার ভেতরেই ফোন করে ও। অপেক্ষা করতে করতে ঘড়ির কাটা প্রায় সাড়ে এগারোটার ঘর ছুঁতে যাচ্ছে। অথচ ফোন আসছে না। মাইক বুঝল আজ আর আসবে না।

কাপড় টাপড় খুলে পাজামা সার্ট অর্থাৎ নাইট ড্রেস পরে নিল ও। ঘুমুতে যাবে এখুনি। ক'টা দিন বেশ টেনশনে গেছে। যতসব ফালতু

টেনশন। ডিম লাইট জ্বালিয়ে সবে মাত্র শুতে যাবে, সদর দরজায় কলিংবেল বেজে উঠল। দরজা খুলেই দেখে বিষন্ন মুখে দাঁড়িয়ে আছে সীমা। হালকা আকাশী রং-এর শাড়ী পরনে। ম্যাচ করে পরা স্লীভলেস ব্লাউজ। কপালে কুমকুমের টিপ। সারা মুখে বিন্দু বিন্দু ঘাম। 'কি ব্যাপার সীমা?' মাইক জিজ্ঞেস করল ওকে। দরজা থেকে সরে জায়গা করে দিল ভেতরে ঢোকার।

'তেমন কিছু না,' ভেতরে ঢুকতে ঢুকতে বলল ও। 'হঠাৎ দেখতে ইচ্ছে করল তোমাকে।' সোজা বেডরুমের ঢুকে মাইককে বিছানার উপর শুয়ে পড়ল চিৎ হয়ে। ওর মাথার কাছে বসল মাইক। ওর চোখের দিকে এবার সরাসরি তাকাল ও। 'তুমি চলে যাচ্ছো, মাইক, তাই না?'

'কোত্থেকে শুনলে?'

'যেখান থেকেই হোক না কেন,' ঠাণ্ডা গলায় বলল ও। 'আমি কি ঠিক বলেছি?'

'হ্যাঁ, সীমা,' বলল মাইক। 'তোমাকে বলা হয়ে উঠেনি। কিন্তু খুব শীঘ্রই বলতাম।'

'যাবেই তো,' কামরার ছাদের দিকে দৃষ্টি নিবদ্ধ রেখে বলল ও। 'সীমা,' এবার মাইক কোলের উপর তুলে নিল ওর একটা হাত। 'জানো তো, এখানে একটা ঝামেলায় জড়িয়ে পড়েছি। অবশ্য এসব ঝামেলা পরোয়া করি না আমি। সবচে' বড় কথা, নিজের দেশটা ডাকছে আমাকে। ক'দিনেই হাঁপিয়ে উঠেছি। তুমিও চলে এসো না, সীমা। ওকল্যাণ্ডে একটা রেস্তোঁরা দেয়ার প্ল্যান আছে। তুমিও যোগ দেবে আমার সাথে। অবশ্য তার আগে বেশ কিছু কাল চাকুরি করতে হবে আমাকে, টাকা জমানোর জন্যে।'

'আমি তোমাকে এখানে থাকতে বলছি না, মাইক,' গাঢ় কণ্ঠে বলল মেয়েটা। 'অবশ্যই যাবে তুমি। কিন্তু বিশ্বাস করো আমার মনের আয়নায় ঐ ক্যাসিনো চেম্বারে শুধু তোমাকেই দেখবো আমি। যে-ই বসুক না কেন ঐ চেয়ারে। প্রথম প্রথম হয়তো খারাপ লাগবে। কিন্তু পরে অভ্যেস হয়ে যাবে। বুকের ভেতর শুধু স্মৃতি হয়ে থাকবে তুমি।'

'তুমিও আমার সাথে চলো, সীমা,' বলল মাইক। 'মি. হার্টকে বলে ব্যবস্থা করে দেবো তোমার। আর ওখানে একটা না একটা কিছু হয়ে যাবে। প্লিজ, তুমি না কোরো না সীমা,' আকুল ভাবে অনুরোধ করল ওকে।

'হ্যাঁ যাবো আমি,' ছাদের সিলিং এর দিকে দৃষ্টি নিবদ্ধ রেখে বলল সীমা। 'তবে এখন না। আগে তুমি যাও। টাকা জমিয়ে তোমার হোটেল খোলো। তারপর ডেকো আমাকে, অবশ্যই যাবো।'

BanglaBook.org

'সত্যি সীমা?' মনটা খুশি হয়ে উঠল। 'তোমার মত একজন বন্ধু পাশে পেলে অনেক কিছুই করতে পারব আমি।'

'আচ্ছা, মাইক, তোমার বাংলোতে ঢোকার সময় সিভিল ড্রেস পরা দুজন পুলিশ দেখলাম গেটের কাছে। কি ব্যাপার?'

'স্রেফ নিরাপত্তার খাতিরে,' আসল কথা আর খুলে বলল না মাইক ওকে। 'জানো তো একটা ক্যাসিনো চালাতে গেলে অনেক শত্রু জন্ম নেয়, তুমি চাও আর নাই চাও।'

'আর বেশি কতদিন আছো এখানে?'

'খুব হলে সপ্তাহ দু'য়েক।'

'খুবই কম সময়,' মাইকের একটা হাত বুকের উষ্ণতায় জড়িয়ে ধরে বলল সীমা। 'তার পরেই চলে যাবে তুমি। বছর দু'য়েক পর হয়তো দেখা হবে, যদি আমাকে ডাকো। হয়তো দেখা না ও হতে পারে, কে জানে।'

'তোমাকে ডাকছি আমি,' ওর পাশে শুতে শুতে বলল মাইক 'আর তুমিও আসছো।'

কাত হয়ে ফিরে দুহাতে বুকের সাথে জড়িয়ে ধরল ওকে। ঝড়ো পাখির মত মাইকের বুকে মুখ লুকালো মেয়েটা। মাইকও দুহাতে আদর করতে লাগল ওকে। ওর এলো খোপার উপর ডুবিয়ে রাখল নাক। প্রাণভরে গন্ধ নিল চুলের। অদ্ভুত মাদকতাময় একটা গন্ধ কেমন যেন মাতাল করে দেয় মাইককে।

দুহাতের তেলোতে করে তুলে ধরল ওর মুখটা। ভেজা ভেজা হয়ে আছে দুচোখের পাতা। আস্তে করে চুমু খেল ওর চোখের পাতায়। নাকের ডগায়। কামনায় উন্মুখ হয়ে আছে ওর রক্তিম ঠোঁট জোড়া। মাইকের আগ্রাসী ঠোঁট জোড়া ঝাঁপিয়ে পড়ল ঐ কোমল নরম ঠোঁট জোড়ার উপর। এবার বিছানার উপর উঠে বসল মাইক। তেমনি কাত হয়ে শুয়ে আছে সীমা। বুকের উপর থেকে সরে গেছে শাড়ীর আঁচল। হাত দিয়ে ঠেলা মেরে চিৎ করিয়ে দিল মাইক ওকে। খুলতে শুরু করল শাড়ী। শাড়ী খুলে ওটাকে ছুঁড়ে ফেলে দিল ঘরের এক কোণে।

এসব ভারতীয় মেয়েদের শাড়ী খোলার সাথে যে কি বন্য আনন্দ আর উত্তেজনা সেটা জানে না আমেরিকানরা। এবার ওর পিঠের নীচে হাত ঢুকিয়ে টপ টপ করে খুলে ফেলল ব্লাউজের টিপ বোতামগুলো। দুহাত গলিয়ে ব্লাউজটা খুলে ফেলল সীমা নিজেই। চালাক মেয়ে, ব্রা পরেনি ভেতরে। উর্ধাঙ্গ ওর পুরোপুরি নগ্ন। ঢিবির মত উঁচু হয়ে আছে উদ্ধত স্তন জোড়া। খাড়া হয়ে রয়েছে বাদামীবৃন্তদ্বয়।

BanglaBook.org

সীমার গায়ের ত্বক সোনালি । পেটের দিকে তাকাল মাইক। মসৃণ নাভীর চারপাশে হালকা রোম। ফুটোর মত সরু নাভী। পেটিকোটের গিটে হাত দিল এবার। কিছুতেই খুলছে না গিটটা। সেটা খোলার চেষ্টায় ক্ষান্ত দিয়ে ওর কোমরের পাশে কাত হয়ে শুয়ে পড়ল। মুখ ডুবিয়ে দিল ওর পেটে। মুখ ঘষতে শুরু করল ওর নাভীর উপর। দু হাতে জড়িয়ে ধরল সরু কোমর।

মুখ নিয়ে এল সীমার ভরাট দু'টো স্তনের উপর। এক হাতে জড়িয়ে ধরল একটা স্তন। কিছুতেই যেন মুঠোর ভেতর ধরা দিতে চাচ্ছে না বিশাল স্তনটা। আরেকটা স্তনের উপর মুখ নিয়ে জিভ বের করে চেটে দিল বোঁটা। উত্তেজনায় আর আরামে তিরতির করে কাঁপছে সীমার সারা দেহ। মুখ উপরে তুলে নিয়ে মাইক চুষতে লাগল সীমার ঠোঁট আর জিভ। এক সময় আলতো কামড়ে দিল কানের লতি। ব্যথায় আনন্দে শীৎকার করে উঠল মেয়েটা। এবার ওর নিম্নাঙ্গের উপর উপুড় হয়ে বসল মাইক। নীচে থেকে উপর দিকে তুলতে শুরু পেটিকোট। উন্মোচিত হলো ওর সুগঠিত পা' জোড়া। আরও উপরে তুলল পেটিকোটের ঝুল। বেরিয়ে এল কলাগাছের মত বিশাল উরুদ্বয়। আরও উপরে তুলে টান দিয়ে ছিড়ে ফেলল ওর পেটিকোটের গিট। ব্যথা পেয়ে কঁকিয়ে উঠল সীমা। দু হাতে ওর দুই উরু জড়িয়ে ধরে তলপেটের উপর মুখ ডুবিয়ে দিল মাইক। দু'পা উপরে তুলে দুটো বিশাল কোমল উরু দিয়ে ওর গলা পেঁচিয়ে ধরল সীমা সাপের মত। মাইক দু' হাতে মুখ ঠেসে ধরল ওর দুই উরুর ফাঁকে। পাগলের মত হাঁপাচ্ছে। এদিকে পুরোপুরি দণ্ডায়মান মাইকের পৌরুষ। সীমার দু' উরুর বেষ্টনী থেকে মুক্ত করে নিল নিজেকে। চিত হয়ে শুয়ে হাঁপাচ্ছে ও। ধাক্কা দিয়ে উপুড় করিয়ে দিল সীমাকে। ভরা কলসীর মত ঢেউ খেলে আছে ওর নিতম্ব। তাতে যেন ভূমধ্য সাগরের তরঙ্গ। কাত হয়ে শুয়ে ওর বিশাল নিতম্বটা জড়িয়ে ধরল মাইক। কামড় বসাল নিতম্বের খাঁজে।

তারপর উপুর হয়ে হামলে পড়ল সে। মাইকের দেহের নীচে দলিত মথিত নিষ্পেষিত হতে লাগল সীমার কোমল কুসুম পেলব নগ্ন নারীদেহ। তারপর একসময় শান্ত হলো ঝড়। বাতি নিভিয়ে দিয়ে ঘুমিয়ে পড়ল দু'জনে।

BanglaBook.org

আট

কাজের চাপ অনেক কমে এসেছে। সময় কাটতে চায় না মাইকের। বিশেষ করে অবসর মুহূর্তগুলো। মাথার ভেতর শুধু আবোল তাবোল চিন্তা। আসলে নিজেকে স্পষ্ট বুঝতে পারে না ও নিজেই। একবার মনে হয় সাবরিনাকে ভালবাসে সে। বিশেষ করে এখানে আসার পর থেকে মাইকের অনেকটা সেরকম অনুভূতিই হয়েছিল। আবার বুঝতে পারছে মিষ্টি ভারতীয় মেয়ে সীমার প্রতিও বেশ খানিকটা দুর্বলতা গড়ে উঠেছে ওর।

পরিচিত পরিবেশ, বিশেষ করে এখানকার মার্কিন সমাজ মেনে নিতে পারছে না মাইকের মত একজন আমেরিকানের এরকম ভারতীয় নারী প্রতি। যেখানে একটু ইচ্ছে করলেই হাতের কাছে পাওয়া যায় অনেক আমেরিকান কিংবা ইউরোপীয় মেয়ে। অবশ্য মাইকের এখানকার এক বন্ধু এমব্যাসীর ফার্স্ট সেক্রেটারী ড্যান ওরেন, বেশ সমর্থন করে ভারতীয় মেয়ে বন্ধুর ব্যাপারটা। বেচারার অবশ্য মেয়ে পটানোর কোন যোগ্যতাই নেই। ভাল করে কথা বলতে পারে না। মোটাসোটা ভুড়িওয়ালা। ফলে বেশির ভাগ সময়ই মেয়েদের নিয়ে বিছানায় যেতে হলে গাঁটের পয়সা খরচ করতে হয় ওকে। ওর আর মাইকের দৃষ্টিভংগী সম্পূর্ণ আলাদা। ও বলে, এশিয়ান মেয়েদের চাহিদা লাল চামড়ার মেয়েদের চেয়ে অনেক কম, শ্যামবর্ণ চামড়ার একটা অন্যরকম রোমান্স আছে। আর সবচেয়ে বড় কথা বিছানায় ওরা খুবই চমৎকার রিয়্যাক্ট করে। মুখে না বললেও মনে মনে ওয়েনের সব যুক্তিই মেনে নেয় মাইক। ওর সাথে সীমার সম্পর্কটা একমাত্র সেই ভালভাবে নিয়েছে।

স্থানীয় এক শিল্পীকে দিয়ে মাইকের একটা পোর্ট্রেট আঁকিয়ে ওকে উপহার দিয়েছে সীমা। তার দাবী হচ্ছে মাইকের শোবার ঘরে রাখতে হবে ওটাকে। কিন্তু দেয়ালে কোন জায়গাই নেই। সারা দেয়াল বড় বড় পেইন্টিং-এ পূর্ণ। বিছানা বরাবর বিরাট একটা ভারী পেইন্টিং ঝুলানো, মাইক ঠিক করল ওটা সরিয়ে ওখানেই রাখবে ছবিটা। পেইন্টিংগুলো আগের ম্যানেজারের, যাবার সময় গিফট করে গেছে মি. হার্টকে। এত নাকি

BanglaBook.org

ক্যাসিনোতে ওর একটা স্মৃতি থেকে যাবে।

পেইন্টিংটা বেশ ভারী। মাইকের একার পক্ষে সরানো সম্ভব নয়। বাবুর্চি জনকে ডাকবে বলে ঠিক করেছে। এমন সময় এসে হাজির হলো চিয়াং। হাতে কয়েকটা অফিসিয়াল ফাইল। মাইক আর চিয়াং মিলে খুব সাবধানে দু'টো চেয়ারের উপর দাঁড়িয়ে দেয়াল থেকে খুলল ওটা। দুজনে ধীরে নামাতে যাবে, হঠাৎ করে হাত ফসকে গেল মাইকের। ওজন সামলাতে না পারায় চিয়াং-এর হাত থেকেও ছুটে গেল বিশাল কাঁচে বাঁধানো পেইন্টিংটা। বিকট শব্দে মেঝেতে পড়ে ভেঙ্গে চুরমার হয়ে গেল ওটা।

'একি হলো, স্যার।' বিমূঢ় হয়ে বলল চিয়াং।

'টেক ইট ইজি,' বলল মাইক। 'এ্যাক্সিডেন্ট ইজ এ্যাক্সিডেন্ট,' অভয় দিল ওকে। 'তা' ছাড়া দোষটা তো আমারই। চলো এবার এটা ওঠানো যাক, কাঁচই শুধু ভেঙ্গেছে ছবিটা তো অক্ষত আছে।'

ভাঙ্গা কাঁচগুলো সরিয়ে ফ্রেমের বাঁধন থেকে ছবিটা আলগা করতে গিয়ে দেখে ছবির পেছনের হার্ডবোর্ডের কাছে অনেকটুকু অংশ ফাঁকা। হার্ডবোর্ডটা টান দিয়ে ছিঁড়তেই ভেতর থেকে ঝপ্ করে মাটিতে পড়ল ছোটখাটো পার্সের আকারের একটা চামড়ার থলে। কৌতূহলী হয়ে সেটা হাতে তুলে নিল মাইক। ওটার চেইনটা টান দিয়ে খুলে ফেলতেই ভেতরে ঝিকমিক করে উঠল কি যেন। মেঝের উপর উপুড় করে ধরতেই চারদিকে ছড়িয়ে পড়ল মার্বেলের মত দানা দানা ছোট বড় অনেকগুলো হীরে। আকাটা হীরে।

মাইকের মাথা বোঁ বোঁ করে উঠল। হীরের দাম সম্পর্কে কোন ধারণাই নেই ওর। তবুও আন্দাজে বুঝে নিল পঞ্চাশ মিলিয়ন ডলারের কম হবে না। অবচেতন মন বলল, যদি এগুলো রক্ষা করতে পারে স্রেফ কোটিপতি বনে যাবে। সারাজীবন আর কোন কিছু করে খেতে হবে না। ভুলে গেল ক'দিন আগেই একটা ক্রাইম সম্রাজ্যের কর্ণধার হতে অস্বীকার করেছিল সে। স্রেফ যাতে ক্রিমিনাল নাম না কিনতে হয়।

'স্যার,' অভিভূত কণ্ঠে বলল চিয়াং। 'এগুলো মার্শাল কিংয়াং কাই শেকের সম্পত্তি, আমার যতটুকু বিশ্বাস। দ্বিতীয় বিশ্বযুদ্ধে মারা যাবার আগে মার্শাল বেশ কিছু কাল হংকং-এ ছিলেন। ধারণা করা হয়েছিল কোথায়ও লুকিয়ে গেছেন হীরেগুলো। অনেকে খুঁজেছে, পায়নি।' এগিয়ে এসে ছবিটা খুলল ও। 'দেখেছেন স্যার, পেইন্টিংটা কিন্তু যুদ্ধের!' তাকিয়ে দেখল মাইক, ঠিক তাই। কামান থেকে গোলা দাগা হচ্ছে, ধোঁয়ায় আচ্ছন্ন

BanglaBook.org

চারদিক। যুদ্ধের ভয়াবহ অবস্থার সাক্ষী যেন ছবিটা। 'আমি বলি কি স্যার,' ফের কথা বলল চিয়াং। 'চলুন থানায় জমা দিয়ে আসি। স্রেফ হিরো বনে যাবো আমরা দুজনেই। প্রেসিডেন্ট এওয়ার্ড পেয়ে যাবো নিঃসন্দেহে।'

হীরেগুলো থলেতে ঢোকাল মাইক। রাখল ট্রাউজারের পকেটে। 'শোন চিয়াং, বোকার মত কথা বলো না,' শান্ত কণ্ঠে বলল ও। 'বাজে কথা রাখো। হীরে আমি পেয়েছি। হ্যাঁ, তোমাকেও ভাগ দেয়া হবে। ওসব জেনারেল টেনারেল মরে ভূত হয়ে গেছে কবেই। আর আদৌ ওটা তারই এমন কোন প্রমাণ আছে?'

'এসব এখানকার অথরিটি বুঝবে, স্যার,' সাবধানী কণ্ঠে বলল ও। 'আমাদের উচিত সেটা অথরিটির কাছে সোপর্দ করা।' কথা বলতে বলতে দরজার কাছে এগিয়ে গেল। বিস্ময়ে কাঠ হয়ে গেল মাইক। চিয়াং দেশপ্রেমিক লোক জানত। কিন্তু সবকিছুরই একটা সীমা আছে। কোটি কোটি টাকার অফার কেউ প্রত্যাখান করতে পারে এমন ধারণা ছিল না মাইকের। রাগে মাথার তালু পর্যন্ত জ্বলে উঠল। 'চিন্তা করে দেখো চিয়াং,' ঠাণ্ডা গলায় বলল সে। 'সামান্য একটা ক্যাসিনোর ততোধিক সামান্য একজন এসিসট্যান্ট ম্যানেজার তুমি। অথচ এখন ইচ্ছে করলে নিজেই এরকম একটা ক্যাসিনোর মালিক হতে পারো। অন্য রকম করে ফেলতে পারো জীবনটাকে। জীবন উপভোগ করার অধিকার সবারই আছে।'

'স্যার, এই আপনিই না লোক ঠকানোর অন্যায় থেকে বাঁচবার জন্যে পরোয়া করেননি মিডনাইট ডার্লিংকে' বলল চিয়াং। 'নিজে লড়ে প্রমাণ করেছেন নিজের সততা আর বীরত্ব। আর সেই আপনিই আজ চুরি করার কথা বলছেন আমাকে!'

'আমি কাউকে ঠকাচ্ছি না এখানে,' মাইক বোকাটাকে চেষ্টা করল বোঝাতে। 'টাকাটা অর্থাৎ হীরেগুলো হয়তো সরকারী আমলাদের পকেটে যেত। এখন যাবে আমাদের পকেটে। এতে কোন ঠকাঠকির প্রশ্ন আসছে না।' প্রাণপণে চেষ্টা করল ওকে কনভিন্স করতে। কেননা যে কোন সময় এখানে ঢুকে যেতে পারে যে কেউ।

'সেটা সরকারী লোকদের মাথা ব্যথা,' আগের মতই একগুঁয়ে ভাবে বলল চিয়াং। সরকারী সম্পদ এখন এই হীরে। জনগণের সম্পত্তি।'

'আমাকে ন্যায় অন্যায় শেখাতে এসো না, বিরক্ত হয়েছে মাইক। 'বুকে হাত দিয়ে তুমি নিজেও বলতে পারবে না একজন সৎ লোক তুমি।' বাদানুবাদ করতে ভাল লাগছে না ওর। কিন্তু বুঝতে পারছে হীরের আশা করতে হলে যেভাবেই হোক পটাতে হবে লোকটাকে। একটা ছোটখাটো

BanglaBook.org

ভাগ নিতে রাজী করাতে হবে ওকে। এছাড়া আর কোন পথও নেই।

'শুনেছিলাম বেআইনী কাজ করার অপরাধে, ঘুষ খাবার অপরাধে সেনাবাহিনী থেকে চাকুরী চলে গেছে আপনার,' ঘৃণার সাথে বলল চিয়াং। 'কিন্তু বিশ্বাস করিনি। ভেবেছিলাম স্রেফ রটনা। কিন্তু এখন বিশ্বাস করি আমি আপনার দ্বারা সবই সম্ভব। আপনি একটা মুখোশধারী ক্রিমিনাল।'

কথা বলতে বলতে কখন যে ও দরজার কাছে এসে পড়েছে খেয়াল করেনি মাইক। চকিতে বুঝল, এখনি দৌড় দিয়ে বেরিয়ে যাবে ও। তারপর থানা পুলিশের কেলেংকারী করতে বিন্দুমাত্র দ্বিধা করবে না। চিন্তাটা মাথায় আসার সাথে সাথে ওর কাছে সরে এল মাইক। ওকে কদম বাড়াতে দেখে দরজার দিকে দৌড় দিল চিয়াং। লাফ দিয়ে সাথে সাথে ওর হাতের কব্জি চেপে ধরল মাইক। প্রাণপণে ওর বজ্রমুঠি থেকে ছুটতে চাইল চিয়াং। এক হাতে ওর মুখ চেপে ধরল মাইক। আরেক হাতে ঘাড়।

দেখতে ছোটখাটো চীনে লোকটা। কিন্তু মারপিটের কৌশল ভাল জানে। ধরার সাথে সাথে মাইকের পেটে একটা পাঞ্চ কষালো ও। একটু ঢিলে হয়ে এল হাতের বাঁধন। সাথে সাথে মাইকের গলা বরাবর একটা কারাতের কোপ চালিয়ে দিল। এবার পুরোপুরি ছুটে গেল হাতের বাঁধন। সাথেসাথে শূন্যে উঠে গেল ছোট দেহটা। শূন্য থেকে দু'টো পা উড়ে আসছে দেখল মাইক। অর্থাৎ ফ্লাইং কিক মারতে যাচ্ছে চিয়াং।

বিদ্যুতের মত পাশ কেটে সরে গেল মাইক। ধপাস করে মেঝেতে পড়ল চিয়াং। গড়ান মেরে ফের ছুটে গেল দরজার দিকে। প্রচণ্ড রাগে, ব্যথায় খুন চড়ছিল মাথায়। পেছন থেকে ল্যাং মেরে ফেলে দিল ওকে মাইক। এক হাতে মুখ চেপে ধরে আরেক হাতে ঘাড় ধরে হেঁচড়ে নিয়ে চলল ঘরের কোণে। ওর ইস্পাতের মত কঠিন বাহুর চাপটা বেকায়দা মত পড়েছিল চিয়াংয়ের ঘাড়ে। কাটা মুরগির মত ঝটপট করছিল চিয়াং। হঠাৎ খেয়াল করল একেবারে শান্ত হয়ে গেছে ওর দেহটা। আঁতকে ওঠে মেঝেতে শুইয়ে দিল ওকে মাইক। নাড়ি দেখল। মরে গেছে বেচারা! ঠাণ্ডা একটা স্রোত শিরদাঁড়া বেয়ে নেমে গেল মাইকের। হ্যাঁ, খুন করে ফেলেছে। এখন থেকে ও একজন খুনি! নিজের অজান্তেই খুন করে ফেলেছে মাইক শেলডন।

একবার ভাবল থানায় গিয়ে বলে চিয়াং হীরেগুলো চুরি করে পালাচ্ছিল। মাইক বাধা দিতে যাওয়ায় ধস্তাধস্তি করতে গিয়ে মারা গেছে সে। অথরেটি হয়ে তো বিশ্বাস করবে, আবার না ও করতে পারে। বিশ্বাস না করারই কথা। কেননা দেশপ্রেমিক হিসেবে নাম আছে চিয়াং এর। আর

BanglaBook.org

মাইক সেনাবাহিনী থেকে অপরাধীর দায়ে বহিস্কৃত একজন অফিসার। তাছাড়া হীরেগুলো ছাড়তে মন চাইল না। আপাতত লাশটার একটা ব্যবস্থা করা দরকার। স্টীলের আলমারীটা খুলে ভেতরে ঢুকাল ওটা। ডালা বন্ধ করে চাবি মেরে দিল। কামরার ভেতর এয়ার কুলার ঘুরছে। অথচ এর ভেতরেই ঘেমে একেবারে নেয়ে গেছে মাইক সামান্য এটুকু কাজ করতে। চেয়ারে হেলান দিয়ে বসে কাঁপা কাঁপা হাতে সিগারেট ধরাল একটা। জানে খুনের ব্যাপারটা ফাঁস হয়ে যাবে খুব শীঘ্রই। এখন ওর যেটা দরকার, সেটা হচ্ছে খুব দ্রুত গা ঢাকা দেয়ার একটা ব্যবস্থা করা। তারপর যত তাড়াতাড়ি সম্ভব একটা নকল পাসপোর্ট নিয়ে ছদ্মবেশে দেশ ছেড়ে পালিয়ে যাওয়া।

চেহারাটা একটু পাল্টিয়ে নিতে হবে। গোঁফ রাখতে হবে, চুলগুলো ডাই করাতে হবে। চশমা নিতে হবে। বুঝতে পারছে এসব কিছু একা করা সম্ভব নয় ওর পক্ষে।

হাঁ, একমাত্র একজনকেই বলা যায় সবকিছু। সে হচ্ছে সীমা। মেয়েটাকে বলেছে ও এনগেজড, শুধু ফ্রেণ্ডশীপ করতে চায় ওর সাথে। কিন্তু এরপরও ওকে ভালবেসেছে সীমা। অবশ্য কোন প্রত্যাশা নেই ওর। এক তরফা নির্ভেজাল ভালবাসা। যা একমাত্র এশিয়ার মেয়েদেরকেই মানায়। ইচ্ছে করলে প্রেম প্রেম খেলে প্রতারণা করতে পারত মাইক ওর সাথে। কিন্তু মন সায় দেয়নি। আর দরকারও ছিল না তার। সব কিছু জেনে শুনেই পতঙ্গের মত আগুনে ঝাঁপ দিয়েছে মেয়েটি। হঠাৎ মেঝের দিকে তাকিয়ে আঁতকে উঠল মাইক। এখানে ওখানে জমে আছে লালা মিশানো রক্ত। গা ঘুলিয়ে কেমন বমি বমি ভাব হতে লাগল। ইতিউতি তাকাল চারদিকে। রক্ত মোছার জন্যে যদি পাওয়া যায় তেমন কিছু। না পেয়ে ছিঁড়ে ফেলল ক'দিন আগে কেনা বাটিকের শার্টটা। বাথরুম থেকে ভিজিয়ে এনে ঘষে ঘষে রক্ত তুলে ফেলল মেঝে থেকে। কাপড়ের টুকরোগুলো কমোডে ফেলে ফ্ল্যাশ টেনে দিল।

নিজের অজান্তেই খুন করে ফেলেছে মাইক। যদিও খুন করার বিন্দুমাত্র ইচ্ছে ছিল না ওর। আদালত দূরে থাক কেউ বিশ্বাস করবে না ওর এসব কথা। একমাত্র সীমা ছাড়া। সুতরাং ওর একমাত্র অবলম্বন সীমা। এখন যেভাবেই হোক বেরুতে হবে দেশ থেকে। যত তাড়াতাড়ি সম্ভব।

চেয়ার ছেড়ে উঠতে যাবে এমন সময় দরজায় নক করল কে যেন। আতংকে জমে গেল মাইক। 'কে?' নিজের অজান্তেই কণ্ঠটা কেঁপে গেল।

'আমি জন, স্যার,' বুড়ো বাবুর্চির কণ্ঠ ভেসে এল বাইরে থেকে। 'লাঞ্চ দেব, স্যার?'

BanglaBook.org

ওহ্ বুড়ো জন! হাঁপ ছেড়ে বাঁচল মাইক। 'আমি একটু ব্যস্ত আছি জন,' কণ্ঠস্বর যথাসাধ্য স্বাভাবিক রেখে বলল। 'আর লাঞ্চ বাইরে করব আজ।' একটু অবাক হলো জন। কিন্তু কোন কথা না বাড়িয়ে চলে গেল। মাইক বুঝতে পারছে আর মিনিট দশেকের মধ্যে চিরকালের মত এ বাংলো ছাড়তে হবে ওকে। অথচ সঙ্গে কিছুই নিতে পারবে না। সাথে এখন ব্যাগ বা কিছু দেখলে হয়তো সন্দেহ করতে পারে জন। খোদাই জানেন, ধস্তাধস্তির আওয়াজ কানে গেছে কিনা ওর।

তাড়াতাড়ি প্রয়োজনীয় কাগজপত্র সব ঢুকিয়ে নিল একটা পার্সের ভেতরে। ফর্সা একপ্রস্থ সার্টপ্যান্ট পরে নিল। সাবধানের সাথে ট্রাউজারের ভেতরে লুকিয়ে নিল হীরে ভর্তি থলিটা। মি. হার্টের উপহার দেয়া পিস্তলটাও খাপে পুরে নিয়ে নিল ট্রাউজারের পকেটে। এখন থেকে এটাই হবে ওর সবচে' বিশ্বস্ত সঙ্গী। ভাঙ্গা ফ্রেম আর কাঁচের টুকরোগুলো কুড়িয়ে ফেলে দিল নীচের ডাস্টবিনে। যাবার সময় তাকাল সীমার দেয়া ওর পোর্ট্রেট করা ছবিটার দিকে। দেয়ালের পাশে ঠেস দিয়ে রাখা আছে ওটা। তাড়াতাড়ি ফাঁকা জায়গাটায় টাঙিয়ে দিল ওটা। খুনের খবর জানাজানি হবেই। কিন্তু হীরেরটা হবে না। হোক, সেটা মাইক চায় না। রুম লক করে বেরিয়ে এল সে। 'কখন ফিরবেন, স্যার?' জিজ্ঞেস করল জন।

'আজ ফিরব না,' বলল মাইক। 'আর কেউ জিজ্ঞেস করলে বলবে চিয়াং কে একটা কাজে শহরের বাইরে পাঠিয়েছি আমি।'

'ঠিক আছে স্যার,' বলল ও। 'কিন্তু স্যার চিয়াং সাহেবকে তো এখানেই ঢুকতে দেখলাম। বেরুতে দেখিনি।'

'বুড়ো মানুষ, চোখে ছানি পড়েছে,' রাগের সাথে বলল মাইক। 'বেরুবার সময় হয়তো খেয়াল করোনি।'

নিজের অজান্তেই কর্কশ শোনাচ্ছে মাইকের গলা। কেমন যেন দ্বিধা, অস্বস্তি ভরা অদ্ভুত চোখে ওর দিকে তাকাল বুড়োটা। ও কি সন্দেহ করছে কিছু? যাহোক, পাত্তা না দিয়ে বেরিয়ে পড়ল মাইক।

BanglaBook.org

নয়

পিং কিং রেস্তোরা কাম বার। ড্যান্স রুমও আছে ওদের। মালিকের নাম টাই কিং। নিজের নামের সাথে মিল রেখে হোটেলের নাম রেখেছে। নকল পাসপোর্টের ব্যাপারে আগে আলাপ করে নিতে হবে। অবশ্য লোকটাকে আপাতত বুঝতে দেয়া চলবে না যে দরকারটা মাইকের নিজেরই। বলবে এক বন্ধুর জন্যে। ওকে ঢুকতে দেখেই ক্যালকুলেটরে হিসেব কষতে কষতে একগাল হাসল টাই। 'কি ব্যাপার, স্যার,' বিগলিত হেসে বলল ও। 'ক্যাসিনোর রাজকীয় লাঞ্চ বাদ দিয়ে এ গরিবালয়ে এসেছেন!'

'প্রতিদিন একই ধরনের জিনিষ খেলে অমৃতেও তো মানুষের অরুচি ধরে। কি বলো?'

'তা যা বলেছেন, ক্যাপ্টেন, স্যার।' একেবারে বিনয়ের অবতার শালা! মাইক জানে, সুযোগ পেলে কিছুই ছাড়বে না অথচ এখন এরই সাহায্য দরকার ওর! আণ্ডার গাউণ্ডে যোগাযোগ আছে এরকম লোক হিসেবে শুধু একেই চেনে আর চেনে মিডনাইট ডার্লিংকে। কিন্তু মেয়ে লোকটার কাছে যাওয়া সম্ভব নয়। কেননা হীরের কথা ঠিকই টের পেয়ে যাবে ও। একমাত্র এই মোটা বেঁটে টাই কিংকেই ব্যবহার করা যায়। মাথায় এত ঘিলু নেই ওর যে হীরের ব্যাপারে আন্দাজ করবে।

'তোমার সাথে আমার একটু ব্যক্তিগত দরকার ছিল, টাই কিং,' বলল ওকে মাইক।

একটু অবাক হলো চাইনিজ লোকটা। কিন্তু সাথে সাথে দমন করল ভাবটা। কাউণ্টার থেকে উঠে এসে নিয়ে গেল ওর নিজস্ব চেম্বারে।

'বসুন স্যার, কি খেদমত করতে পারি?'

'দরকারটা আসলে আমার এক বন্ধুর,' কোনরকম ভনিতা না করে বলল মাইক। 'কিন্তু আশা করি বিশ্বাস করা যায় তোমাকে।'

ওদের ধর্ম গ্রন্থের নামে শপথ করল লোকটা।

'আমার এক বন্ধুর একটা জাল পাসপোর্ট দরকার,' বলল মাইক। 'সেটা ব্রিটিশ হলে ভাল হয়। যত তাড়াতাড়ি সম্ভব এ দেশ থেকে কেটে

BanglaBook.org

পড়তে চায় ও।'

সতর্ক চোখে মাইকের দিকে তাকাল চাইকিং। 'আপনি হয়তো জানেন স্যার টাকা হলে এখানে সবই সম্ভব,' নীচু কণ্ঠে বলল ও। 'কিন্তু তবুও সব নয়। এখানকার কর্তৃপক্ষকে ফাঁকি দিয়ে জাল পাসপোর্ট নিয়ে বেরিয়ে যাওয়া চাট্টিখানি কথা নয়। এখানে অপরাধ যেমন হয় তেমনি বেশিরভাগ অপরাধীই ধরা পড়ে। তবে অপরাধেরও শ্রেণী বিভাগ আছে। আমার জানা দরকার কি ধরণের অপরাধ করে দেশ ছাড়তে চাইছে আপনার বন্ধু। মানুষ খুন না হয়ে অন্য কিছু হলে আমি আছি। টাকা পেলে অনেক কিছুই করি স্যার, কিন্তু খুন খারাবীর ভেতর নেই। ব্যাপারটা আমার সবটুকু জানা দরকার।

'আমার বন্ধুর সাথে পরামর্শ করে বিস্তারিত জানাব তোমাকে,' একটু ইতস্তত করে বলল মাইক।

'সে আপনার ইচ্ছে,' শ্রাগ করল ও। 'তবে একটা কথা, পাসপোর্ট করা অনেক টাকার ব্যাপার। কেননা এতে অন্তর্গমন এবং বহির্গমন ভিসা থাকতে হবে। প্রচুর টাকা খাওয়াতে হবে ইমিগ্রেশনকে। বুঝতেই পারছেন স্যার, অনেক টাকার ব্যাপার। আশা করি আপনার বন্ধুর কোন অসুবিধে নেই টাকা পয়সার।' কুতকুতে চোখে লোভী দৃষ্টিতে তাকাল ও।

মাথা নেড়ে বাইরে এল মাইক। একটা চেয়ার দখল করে অর্ডার দিল লাঞ্চের। প্রচুর ক্ষিদে থাকা সত্ত্বেও খেতে ইচ্ছে করছে না। টেবিলের উপর লাঞ্চের কোর্স সাজিয়ে দিয়ে গেল চীনে ওয়েটার। তন্বী কিশোরী মেয়ে। খাওয়া দাওয়া সবে শেষ করেছে মাইক, দেখে বিরাট ভুরি আগলে সামনে দাঁড়িয়ে আছে ড্যান ওয়েন। ট্রপিক্যাল একটা স্যুট পরনে। স্যুটের মালিক হিসেবে বেশ গর্বিত দেখাচ্ছে ওকে। দুনিয়াতে দামী পোশাক, মদ আর মেয়ে মানুষ, মাত্র এই তিনটে জিনিসের উপরই তার আকর্ষণ। এখানকার মার্কিন এমব্যাসীর ফার্স্ট সেক্রেটারী সে। চাহিদা ওর মাত্র তিনটে, কিন্তু তিনটেই খুবই দামী। ফলে বেতনের পয়সায় কুলোয় না। সরকারী চাকুরি, প্রায়ই ধার নেয় মাইকের কাছ থেকে। মনে হলে ফেরত দেয় নইলে দেয় না। কিন্তু লোক ভাল ড্যান। একেবারে যাকে বলে দিল খোলা। সামর্থ না থাকলেও করতে চায় অনেক কিছুই।

'কিরে শালা,' জোরে মাইকের কাঁধ চাপড়ে দিল ও। 'পাত্তা নেই তোর। রাগ করো না মানিক আমার। মদ খাও দোস্ত, স্ফুর্তি করো।' ওয়েটার ডেকে দুজনের জন্যে জনি ওয়াকারের অর্ডার দিল ও।

কোন কথা না বলে একটা সিগারেট ধরাল মাইক। একটু যেন কেঁপে

BanglaBook.org

গেল হাত।

'মুখটা শুকনো শুকনো দেখাচ্ছে কেন সোনা,' আদর করে বলল ও। 'রাতে সীমা বুঝি শোয়নি তোমার সাথে, না কি শোবার পরও দেয়নি।'

'শালা মাগীবাজ কোথাকার,' গালি দিল মাইক ওকে। খুব ভাল করেই জানে ওর মাথায় স্বপ্নেও কোনদিন আসবে না এ মুহূর্তে মাইক একজন খুনি। কিন্তু, ওর কাছ থেকে সাহায্যের কোন আশা নেই, কেননা কিছুই বলা যাবে না ওকে। কানপাতলা লোক।

'শোনো দোস্ত,' চোখ মটকে বলল। 'খাসা একটা মাল পেয়েছি। হ্যাঁ তোমার প্রেমিকার স্বগোত্রীয়। ভারতীয় শিখ। নাম অনিতা সিং। রাতটা আজ ওর সাথেই কাটাবো। দেখি কতটুকু আগানো যায়। পরিচয় হলো গতকাল।'

মাইক সীমাকে খবর দিয়ে পাঠিয়েছে টাই কিং কে দিয়ে। যত তাড়াতাড়ি সম্ভব কথা বলা দরকার ওর সাথে। জানে না কতক্ষণে এসে পৌঁছুবে। কেননা 'গুরুত্বপূর্ণ এ শব্দটা বলতে বলেনি টাইকিংকে। ব্যাটা ধড়িবাজ। কিছু একটা সন্দেহ করে ফেলতে পারে যে কোন সময়। অথচ কাজের কথার সময় এই শালা ড্যানও একটা সমস্যা। একবার সীমার দেখা পেলে সহজে নড়বে বলে মনে হয় না।

'ড্যান, কখন আসবে তোর নতুন জিনিস?' স্বাভাবিক কণ্ঠে জিজ্ঞেস করল ওকে।

'এই তো সোনা এল বলে,' বলল ও।

এখান থেকে কেটে পড়া দরকার। 'শোন দোস্ত তুই অপেক্ষা কর এখানে আমার যেতে হবে এখুনি,' উঠে দাঁড়াতে দাঁড়াতে বলল মাইক। 'একটা এ্যাপয়েন্টমেন্ট আছে আমার। না গেলে আস্ত রাখবে না সীমা।' সত্যি কথাটাই অর্ধাংশ বলল ওকে।

'যা শালা, হ্যাভ এ গুড ডে।'

BanglaBook.org

দশ

মাইক গেটের কাছে আসতেই দেখে ভাড়া করা ট্যাক্সী থেকে নামছে সীমা। রং জ্বলা জিন্সের টি শার্ট আর ট্রাউজার পরনে। মাথার চুল টেনে বাঁধা। চোখে সান গ্লাস। শার্টের উপরিভাগ ঠেলে বেরিয়ে আসতে চাইছে ওর লোভনীয় স্তন জোড়া। 'কি ব্যাপার মাইক,' উদ্বেগ ভরা গলায় বলল ও। 'সকালে চলে এসেছো ক্যাসিনো থেকে। বলে এসেছো আগামী কালের আগে ফিরবে না। এদিকে আবার চিয়াংকেও পাঠিয়েছো কোথায় যেন। বিং সাম আর আমার অবস্থা কাহিল। হয়েছেটা কি তোমার?'

'বলব সব,' বলল মাইক। নিজের স্বাভাবিক কণ্ঠ শুনে অবাক হয়ে গেল নিজেই। 'তার আগে বলো লাঞ্চ করেছো তুমি?'

'হ্যাঁ, তুমি?'

'আমিও সেরে নিয়েছি,' বলল মাইক। 'জরুরি কথা আছে তোমার সাথে। চলো সী বীচের দিকে যাই।'

'অনেক কাজ পড়ে আছে ক্যাসিনোতে।'

'বাদ দাও তোমার অফিস,' একটু রাগত কণ্ঠে বলল মাইক। 'খুবই জরুরি একটা ব্যাপার। এখন কোন কথা না বলে লক্ষী মেয়ের মত আমার পাশের সীটে এসে বসো।' বলে ওর ক্রীম কালারের টয়োটা সেলুনের দরজা খুলে ধরল। কোনও কথা না বলে চুপচাপ ওর পাশে বসল সীমা।

হাত ঘড়ির দিকে তাকিয়ে দেখে তিনটে বাজে। বিকেল হয়ে এসেছে। সময় খুবই কম। তাড়াতাড়ি করার জন্যে এক্সেলেটরের উপর চাপ বাড়াল মাইক। সীমা পাশে আছে। বুকে যেন অনেক বল পেল। নিজের অজান্তেই হঠাৎ করে কেমন যেন নির্ভরশীল হয়ে উঠেছে এই মিষ্টি ভারতীয় মেয়েটার উপর।

বীচে এসে নিরালায় বসল দুজনে। চারদিকে জোড়ায় জোড়ায় প্রেমিক প্রেমিকা সবাই প্রাণভরে উপভোগ করছে হংকং-এর মনোরম বিকেল। সবার উপর হিংসে হলো মাইকের। 'কি হয়েছে তোমার, ডার্লিং?' উদ্বেগভরা কণ্ঠে জিজ্ঞেস করল সীমা।

BanglaBook.org

ওর হাতদুটো কোলে তুলে নিল মাইক। মসৃণ সুন্দর আঙুলগুলো নিয়ে নাড়াচাড়া করতে লাগল। ওর সুন্দর আয়ত চোখ দু'টোর দিকে তাকাল গভীর ভাবে। 'আমাকে ভালবাসো তুমি, তাই না সীমা?' শান্ত কণ্ঠে জিজ্ঞেস করল ওকে।

'হ্যাঁ, বাসি,' বলল ও। 'তুমি তো ভাল করেই জানো। তুমি একটা মেয়ের সাথে এনগেজড জানার পরও। কিন্তু তোমার কাছ থেকে আমার কোন প্রত্যাশা নেই, শুধু ভালবেসেই আমি সন্তুষ্ট, বেশি কিছু চাই না।'

মনে মনে ভাবল মাইক। এশীয় মেয়েদের পক্ষেই সম্ভব এরকম একতরফা ভালবাসা। যা আমেরিকার কোন মেয়ের পক্ষে চিন্তা করা সম্ভব নয়।

'আসলে কারও সাথে এনগেজড নই আমি,' সত্যি কথাটাই বলল ওকে। 'সাবরিনার মত ওরকম অনেক প্রেমিকবান্ধবী আছে আমার ওখানে। তোমার সাথেও প্রেম প্রেম খেলতে পারতাম, কিন্তু যেন প্রতারণা করতে মন সায় দেয়নি। অবশ্য ইদানীং চিন্তা করছিলাম সাবরিনাকে পার্মানেন্ট করে নেবো। এখন নতুন করে জীবনটাকে ভাবতে হচ্ছে আমাকে।'

বড় বড় আয়ত চোখ দুটো মেলে গভীর ভাবে মাইকের দিকে তাকিয়ে আছে সীমা। বুঝতে পারল ওর সব কথা অকপটে বিশ্বাস করছে মেয়েটা।

'যাতে আমার কাছ থেকে কোন কিছু প্রত্যাশা না করো সেজন্যেই বন্ধুত্বের বেশি আর আগাতে দেইনি আমি,' ফের শুরু করল। 'তারপরও আমাকে ভালবেসেছ তুমি, সব কিছু উজাড় করে দিয়েছ আমাকে। আমিও স্বার্থপরের মত নিয়ে যাচ্ছি। এখন আমার জীবনে সংকট দেখা দিয়েছে, একমাত্র তোমাকেই আপন হিসেবে সব বলে তোমার সাহায্য চাইছি। কিন্তু তোমাকে আজ শুধু এটুকু কথা দিতে পারি সব শোনার পরও যদি তুমি রাজী থাকো, তোমাকেই জীবন সঙ্গী করে নেবো।'

উদ্বেগ আর আতংকে মাইকের দুকাঁধ খামচে ধরল সীমা।

'কি হয়েছে, মাইক?'

আজ সকাল থেকে কি কি ঘটেছে সব খুলে বলল ওকে মাইক। টাই কিং এর সাথে সাক্ষাৎকার পর্যন্ত। শোনার সাথে সাথে মুখের রং-এর পরিবর্তন হচ্ছিল সীমার। 'তুমি পুলিশের কাছে চলো, মাইক,' কাঁদো কাঁদো কণ্ঠে বলল সীমা। 'আমার বিশ্বাস সব মেনে নেবে ওরা। আর হীরেগুলো পেলে সব কিছু ভুলে যাবে ওরা।'

'তোমাকে তো বলেছি সীমা কিছুতেই পুলিশ মেনে নেবে না ব্যাপারটা,' বলল মাইক। 'ভাববে ইচ্ছে করেই খুন করেছি চিয়াংকে। ফাঁসীতে লটকে

BanglaBook.org

দিতে কিছু মাত্র দেরি করবে না। অবশ্য তুমি যদি আমার ফাঁসী চাও তাহলে অন্য কথা।'

জায়গা মত লাগল খোঁচাটা। মাইকের মুখে সাথে সাথে হাত চাপা দিল ও। কেঁদে ফেলল। 'তুমি বলতে পারলে'–

'বলব না তো কি?' রাগের সাথে বলল মাইক। 'খুব ভাল করেই জানো সারেণ্ডার করা মানে নিজের মরার রাস্তা করা।'

'তাহলে কি করতে চাও?' বিহ্বল দৃষ্টিতে মাইকের দিকে তাকাল অসহায় মেয়েটা।

'এই তো লক্ষ্মী মেয়ের মত কথা,' খুশির সাথে বলল মাইক। 'যত মুশকিল তত আসান। যা করার সেটা আমি করব। তোমার কাজ শুধু আমাকে সাহায্য করা। তোমাকে কোন পথ বালাতে বলছি না আমি। যা করব তা ইতিমধ্যেই প্ল্যান করে ফেলেছি। আপাতত কিছু দিন গা ঢাকা দিয়ে থাকতে হবে আমাকে। তারপর পাসপোর্ট নিয়ে বেরিয়ে যাব দেশ থেকে। এবং তোমাকে নিয়ে। এখন বলো তো কোথায়ও তোমার জানাশুনা আছে? যেখানে লুকিয়ে রাখতে পারবে আমাকে কিছু দিনের জন্যে?'

কিছুক্ষণ চিন্তিত দেখাল সীমাকে। পরক্ষণেই মুখটা উজ্জ্বল হয়ে উঠল। 'শহর থেকে পঁয়ত্রিশ মাইল দক্ষিণে একটা অজ এলাকা আছে,' আশা ভরা কণ্ঠে বলল ও। 'ওখানে আমাদের পরিচিত একজন বুড়ো লোক আছে। একটা খামার আছে ওর। আমাকে ধর্ম নাতনী বানিয়েছে। সংসারে কেউ নেই। প্রচণ্ড ভালবাসে আমাকে। বুড়ো দাদুকে শুধু বলতে হবে তুমি আমার স্বামী হতে যাচ্ছ বা স্বামী, এটুকু বললেই হবে। তোমার জন্যে যা দরকার সব করবে ও।' 'চমৎকার,' খুশিতে দু হাতে টান মেরে মাইক কোলে তুলে নিল ওকে। জড়িয়ে ধরে চুমু খেল ঘাড়ে, গালে, কপালে, ঠোঁটে। 'কিন্তু একটা কথা,' বলল সীমা। 'ওখানে যাবার পথে কিন্তু ছোটখাটো পুলিশ ফাঁড়ি আছে একটা।'

একটু চিন্তা করল মাইক। 'ঘাবড়াও মাত, এমন গাড়ি নেবার ব্যবস্থা করছি যে গাড়ি পুলিশ কখনোই থামাবে না। আর তাছাড়া ঘণ্টা দু'য়েকের ভেতর রওনা হচ্ছি আমরা। নিশ্চয়ই এর ভেতরে রাষ্ট্র হয়ে যায়নি খুনের খবর। ঘর তো আমার লক করা। মনে হয় না কাল সকাল নাগাদ কেউ যাবে ওখানে।'

BanglaBook.org

এগারো

